যুগান্তর

তারিখ 26 DEC 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ড. ওয়াজেদ মিয়ার জীবনী পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তির দাবি

**যুগান্তর রিপোর্ট**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী প্রখ্যাত পরমাণু বিজ্ঞানী ড. এমএ ওয়াজেদ মিয়ার জীবনী শিশুদের পাঠ্যবইয়ে অন্তর্ভুক্তির দাবি জানানো হয়েছে। রোববার রাজধানীর জাতীয় গণগ্রন্থাগারের ভিআইপি সেমিনার হলে ড. এমএ ওয়াজেদ মিয়া মেমোরিয়াল ফাউন্ডেশন ঢাকা মহানগর কমিটি ও কেন্দ্রীয় স্টুডেন্ট আহ্বায়ক কমিটির শপথ পাঠ-২০১৬ ও স্বাধীনতার প্রেক্ষাপট শীর্ষক আলোচনা সভায় বক্তারা এ দাবি জানান।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম বলেন, দেশের প্রতি, সমাজের প্রতি ও পরিবারের প্রতি তিনি (ড. এমএ ওয়াজেদ মিয়া) ছিলেন আদর্শ মানুষ। তার জীবনী শিশুদের পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। তিনি আরও বলেন, রূপপুরে নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট স্থাপন ড. ওয়াজেদের স্বপ্ন ছিল। তার নামে ওই স্থানে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিও জানান তিনি।

সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি একেএম ফরহাদুল কবিরের সভাপতিত্বে ও চারণকবি আবুবকর সিদ্দিকের সার্বিক ব্যবস্থাপনায় আলোচনা সভায় আইনজীবী আজাহার উল্লাহ ভূঁইয়া, মানোয়ার হোসেন, ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের প্রচার সম্পাদক আখতার হোসেন, ভবতারণ সেবা সংঘের সভাপতি শ্রী নন্দদুলাল গোস্বামী, শপথ বাক্য পাঠ উদযাপনের আহ্বায়ক ড. এএফএম মিজানুর রহমান, ফাউন্ডেশনের মহানগর কমিটির সভাপতি শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক মো. আনোয়ার হোসেন ও কেন্দ্রীয় স্টুডেন্ট কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।